শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

ঈশ্বর একজন মানুষকে প্রেরন করলেন

Written by: Edward Hughes

Illustrated by: Byron Unger; Lazarus

Adapted by: E. Frischbutter; Sarah S.

Translated by: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

একদিন সখরিয় নামের একজন বৃদ্ধ পুরোহিত ঈশ্বরের মন্দিরের ভেতরে ধূপ জ্বালাচ্ছিলেন। সেই সময় বাহিরে অনেক লোক প্রার্থনা করছিলেন। সখরিয়ের মন হঠাৎ অস্থির হয়ে উঠল।

একজন স্বর্গদূত এসে দেখা দিলেন। “ভয় করো না,” তিনি এই কথা বললেন। “ঈশ্বর আমাকে পাঠিয়েছেন। তোমার স্ত্রীর একটি পুত্র সন্তান হবে।

তুমি তার নাম রাখবে যোহন। তিনি জন্ম থেকেই পবিত্র আত্মায় পরিপূর্ণ হবেন। তিনি অনেক লোককে ঈশ্বরের পথে ফিরিয়ে আনবেন।”

“সখরিয় আমাদের সাথে কথা বলুন।” বাইরে অপেক্ষমান লোকেরা বিভ্রান্ড় হয়ে পড়েছিল। গাব্রিয়েল দূত সখরিয়কে কি বলেছিলেন তা তারা জানতেন না।

শিশুটির জন্ম না হওয়া পর্যন্ত সখরিয় কথা বলতে পারবে না কারন তিনি ঈশ্বরের দেয়া সেই সুখবর বিশ্বাস করেনি। তিনি মনে করেছিলেন তার স্ত্রী এতই বৃদ্ধা যে সে সন্তান ধারন করতে পারবে না।

গাব্রিয়েল দূত সখরিয়কে যা কিছু বলেছিলেন তিনি ঘরে এসে তা লিখে দেখালেন। তার স্ত্রী ইলীশাবেত অবাক হয়ে গিয়েছিলেন। তারা সব সময়ই একটি সন্তানের জন্য প্রার্থনা করেছিলেন। এবার কি তাদের প্রার্থনা সত্যি হবে?

শিগ্‌গীর ইলীশাবেত বুঝতে পারলেন যে তিনি সন্তান সম্ভবা। তিনি ঈশ্বরের প্রশংসা করলেন। ইলীশাবেতের জ্ঞাতী বোন মরিয়ম একদিন তাকে দেখতে আসলেন। মরিয়মও তখন সন্তান সম্ভবা ছিলেন।

যখন মরিয়ম এসে পৌঁছালেন, তখন ইলীশাবেতের গর্ভের সন্তানটি আনন্দে নেচে উঠল। ইলীশাবেত পবিত্র আত্মায় পূর্ণ হয়েছিলেন। তিনি জানতেন যে মরিয়মের গর্ভের সন্তানই হবে প্রভু যীশু খ্রীষ্ট। তারা দুই নারী একত্রে আনন্দে ঈশ্বরের প্রশংসা করলেন।

ঈশ্বরের প্রতিশ্রুতি অনুযায়ী ইলীশাবেতের সন্তান জন্মগ্রহন করল। তখন অন্যান্য পুরোহিতেরা বললেন, “তার বাবার মতো তাকে সখরিয় নামে ডাকা হবে।” সখরিয়ের ঈশ্বরের আদেশের কথা মনে পড়ল। “না!

এই শিশুর নাম হবে যোহন।”
যখন সখরিয় এই সব কথা লিখে
জানালেন ঠিক তখনই তিনি তার
কথা বলার ক্ষমতা ফিরে
পেলেন। এরপর তিনি
ঈশ্বরের গৌরব
করলেন।

যোহন যখন বড় হলেন তখন তিনি ঈশ্বরের মহান লোক এলিয়ের মত ছিলেন। যোহন লোকদের বললেন তাদের আশীর্বাদ করার জন্য ঈশ্বরের পুত্র শিগ্‌গীর আসবেন।

যিহূদী নেতারা যোহনকে তিরস্কার করলেন কেননা তিনি তাদের বলেছিলেন, “অনুতপ্ত হও! পাপের পথ ছাড়।” তারা তাদের পাপের বিষয়ে শুনতে চাইল না।

কেউ কেউ তাকে বাপ্তিষ্মদাতা যোহন বলে ডাকত। কারন তিনি মানুষকে জলে আপাদমস্ড়ক ডুবিয়ে উঠাতেন। এতে তারা যে অনুতপ্ত তা প্রকাশ পেত। একদিন যীশু যোহনের কাছে বাপ্তিষ্ম নেওয়ার জন্য আসলেন, “আমাকে বাপ্তিষ্ম দাও।”

যোহন আপত্তি জানাল। কিন্তু যীশু বললেন, "তাই হোক।" এতে যোহন তাকে বাপ্তিষ্ম দিলেন।

যীশুর বাপ্তিষ্মের
পর যোহন দেখতে
পেলেন যে পবিত্র
আত্মা কবুতরের মত
হয়ে যীশুর উপর নেমে
আসলেন। এটা ছিল
ঈশ্বরের চিহ্ন।

যোহন জানতেন যে
যীশু ছিলেন ঈশ্বরের
পুত্র। যোহন যীশুকে
ঈশ্বরের মেষ শাবক
হিসাবে অভিহিত
করেছিলেন যিনি
জগতের পাপভার বহন
করে নিয়ে যান।

যোহন অনেক মানুষকে ঈশ্বরের পথে আনলেন। কিন্তু সেই জঘন্য শাসক হেরোদ যোহনকে জেল খানায় ঢোকাল।

যোহন হেরোদকে বললেন, “তুমি যে তোমার ভাইয়ের স্ত্রী হেরোদিয়াকে নিজের স্ত্রীর মতো করে রেখেছ এটাতো পাপ। হেরোদ জানতেন যে এটা সত্যি।

হেরোদ আরও জানতেন যে যোহন ছিলেন ঈশ্বরের পরিচর্যাকারী, একজন ন্যায় পরায়ন ও পবিত্র মানুষ। কিন্তু

তিনি পাপ কাজ বন্ধ করতে চাইলেন না এবং যোহন পাপের বিরুদ্ধে প্রচার বন্ধ করলেন না, এমনকি বন্দিদশা অনিবার্য জেনেও না।

হেরোদ তার জন্ম দিনে বিরাট এক অনুষ্ঠানের আয়োজন করলেন। হেরোদিয়ার মেয়ে সেই অনুষ্ঠানে নাচলেন। এতে হেরোদ সন্তুষ্ট হলেন।

হেরোদ সেই মেয়ের কাছে প্রতিজ্ঞা করলেন, “তুমি যা চাও তাই পাবে, এমনকি আমার রাজ্যের অর্ধেক চাইলেও আমি তোমাকে দেব।”

"আমি কি চাইব"
এই নিয়ে মেয়েটি
চিন্তায় পড়ে গেল।
তার শয়তান মা
হেরোদিয়া যিনি
যোহনকে ঘৃনা
করতেন, তিনি তাকে
শিখিয়ে দিলেন কি
চাইতে হবে। এটি
ছিল ভয়ংকর!

মেয়েটি হেরোদকে বললেন, “আমাকে একটি থালায় করে বাপ্তিস্মদাতা যোহনের মাথা এনে দিন।” তিনি তার করা প্রতিজ্ঞার জন্য দু:খ পেলেন কিন্তু এটি ভঙ্গ করা ছিল তার অহংকারের পতন।



হেরোদ আদেশ দিলেন, “যোহনের মাথা ছিন্ন করে এখানে নিয়ে এসো।” তার সৈন্যেরা তার আদেশ পালন করল।

ঈশ্বরের একজন সাহসী ও বিশ্বস্থ পরিচর্যাকারী যোহনের মৃতদেহ তার বন্ধুরা দু:খ ভারাক্রান্ত হৃদয়ে কবরস্থ করলেন।

ঈশ্বরের জন্য যোহনের কাজ এখানেই সমাপ্ত হয়েছিল। হয়তো তারা জানতেন যীশু তাদের দু:খে শান্ত্বনা দিতে পারবেন।

ঈশ্বর একজন মানুষকে প্রেরন করলেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

লূক ১, ৩, মার্ক ৬

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬